

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০২৪

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
প্রজ্ঞাপন

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ/ ০৪ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-৫২৬—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯-এর ধারা ১৯ এর প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত নির্বাচন কমিশন (কার্যপ্রণালী) বিধিমালা, ২০১০ এর বিধি ৩ এর উপবিধি ২ অনুসারে নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের জাতীয় পরিচয় পত্র/স্মার্ট কার্ড সেবা পদ্ধতি সহজীকরণ করার লক্ষ্যে নিম্নরূপ “জাতীয় পরিচয়পত্র, ভোটার তালিকা এবং নির্বাচন ব্যবস্থাপনা তথ্য প্রযুক্তির প্রয়োগ কমিটি” গঠন করা হলো:

- |     |   |          |
|-----|---|----------|
| (১) | ব্রি.জে.আবুল ফজল মোঃ সানাউল্লাহ (অবঃ), মাননীয় নির্বাচন কমিশনার       | - সভাপতি |
| (২) | মহাপরিচালক, এনআইডি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়                  | - সদস্য  |
| (৩) | যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়           | -সদস্য   |
| (৪) | সিস্টেম ম্যানেজার (আইসিটি), নির্বাচন কমিশন সচিবালয়                   | -সদস্য   |
| (৫) | সিস্টেম ম্যানেজার (কারিগরি), এনআইডি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয় | -সদস্য   |
| (৬) | সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, নির্বাচন কমিশন সচিবালয়            | -সদস্য   |
| (৭) | উপসচিব (নির্বাচন পরিচালনা-১), নির্বাচন কমিশন সচিবালয়                 | -সদস্য   |
| (৮) | সিস্টেম এনালিস্ট (উপাত্ত ব্যবস্থাপনা), এনআইডি অনুবিভাগ                | -সদস্য   |
| (৯) | উপসচিব (নির্বাচন সহায়তা ও সরবরাহ), নির্বাচন কমিশন সচিবালয়           | -সদস্য   |

( ২৮৭২১ )

মূল্য : টাকা ৪.০০

(১০) পরিচালক (পরিচালনা), এনআইডি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয় - সদস্য সচিব কমিটি প্রয়োজনে কমিশনের যেকোনো কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

**কমিটির কার্যপরিধি:**

- (ক) জাতীয় পরিচয়পত্র/স্মার্ট জাতীয় পরিচয়পত্র প্রস্তুত ও বিতরণসহ সার্বিক সুপারিশ প্রণয়ন;
- (খ) ভোটার তালিকা হালনাগাদকরণ ও প্রকাশ সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;
- (গ) মাঠ পর্যায়ে জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড সেবা সহজীকরণের সুপারিশ প্রণয়ন;
- (ঘ) ই-ভোটিংয়ের জন্য প্রয়োজনীয় আইন এবং পদ্ধতি সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;
- (ঙ) প্রবাসী ভোটারদের জাতীয় পরিচয়পত্রের সেবা প্রদান ও ভোট প্রদানের ব্যবস্থা গ্রহণের সুপারিশ;
- (চ) জাতীয় পরিচয়পত্র ও ভোটার তালিকার ডাটাবেজকে আরো সুরক্ষিত এবং শক্তিশালী করার জন্য প্রয়োজনীয় হার্ডওয়্যার ও সফটওয়্যার সংশ্লিষ্ট বিষয়ে সুপারিশ প্রণয়ন;
- (ছ) জাতীয় পরিচয়পত্র ডাটাবেজের বর্তমান ডাটা সেন্টার পর্যবেক্ষণপূর্বক অধিকতর উন্নত ও আধুনিকীকরণ করার লক্ষ্যে সুপারিশ প্রণয়ন;
- (জ) নির্বাচন ব্যবস্থাপনার বিভিন্ন ক্ষেত্রে তথ্যপ্রযুক্তির ব্যবহার ও প্রয়োগ সংক্রান্ত সুপারিশ;
- (ঝ) নির্বাচন কমিশন ভবন, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর ভবন ব্যবস্থাপনা নিয়ে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের পরামর্শ প্রদান; এবং
- (ঞ) প্রয়োজনীয় বিভিন্ন প্রকল্প চিহ্নিতকরণ এবং তা প্রণয়নের পরামর্শ প্রদান; এবং
- (ট) কমিশন কর্তৃক সময়ে সময়ে অর্পিত যেকোনো দায়িত্ব বা কার্যক্রম সম্পাদনা।

০২। জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৩। উল্লেখ্য, ১৯ এপ্রিল ২০২২খ্রি. তারিখের ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-১২৫ নং প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

**মোঃ শাহ আলম**

উপসচিব (সংস্থাপন)।